গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আবুল বাসার সিদ্দিক আকন, পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) |
| তারিখ | : ২৯.০৮.২০২১ খ্রি. |
| সময় | : সকাল ১১.০০ টা |
| স্থান | : বিএমডির সভা কক্ষ |
| উপস্থিত সদস্য | : পরিশিষ্ট-ক |

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ আবুল বাসার সিদ্দিক আকন, পরিচালক-এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

**২.০ আলোচনা :**

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন এবং করোনা মহামারীর ব্যাপারে সকলকে সতর্ক থাকার অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব আজিজুল হক জানান যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরে ০৩ টি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়।

১. ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালুকরণ;

২. ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে একটি কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে ‘নাগরিক সেবা (সিটিজেন চার্টার) প্রদর্শন এবং

৩. মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত ‘বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে সংরক্ষণ;

০৩ টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি এবং ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক মেশিন স্থাপন বাস্তবায়ন করা হয়েছে। ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালু করার ফলে বিএমডির দপ্তরের যেকোন কম্পিউটার থেকে এক ক্লিক করে সরাসরি ফটোকপি করা সম্ভব হচ্ছে। ফলে একদিকে যেমন বারবার চিঠিপত্র কম্পিউটারে প্রিন্ট করে ফটোকপি মেশিনে নিয়ে ফটোকপি করার প্রয়োজন হয়না, অন্যদিকে কাগজের অপচয় রোধ হচ্ছে। বিএমডিতে আগত সেবাপ্রার্থীগণ যেন ডিজিটাল পদ্ধতিতে বিএমডির সেবা সম্পর্কে জানতে পারে সেজন্য ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপন করা হয়েছে। ফলে সেবাপ্রার্থীগণ সহজে ও দ্রুত তাঁদের কাঙ্খিত তথ্য পেতে সক্ষম হচ্ছে। সভাপতি মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত ‘বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে’ সংরক্ষণের বাস্তবায়ন বিষয়ে জানতে চাইলে সভায় জানানো হয় যে, এটুআই ও

-১৪-

মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে ১৪-২৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত ০২ (দুই) দিনব্যাপী 'ই-সার্ভিস রোডম্যাপ প্রণয়ন' শীর্ষক কর্মশালায় বিএমডির নাগরিক সেবাসমূহকে ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে যে ০৪ টি পরিকল্পনা গ্রহণ করা হয়, তার মধ্যে অন্যতম ছিল E-Case Management। বর্তমানে সকল মামলার কার্যক্রমসমূহের ডিজিটালাইজেশনের অংশ হিসাবে এটুআই কর্তৃক জুডিশিয়াল পোর্টাল চালু প্রক্রিয়াধীন রয়েছে। জুডিশিয়াল পোর্টাল চালু হলে E-Case Management সফটওয়্যারকে ইন্টিগ্রেশন করা হলে মামলা সম্পর্কিত সকল হালনাগাদ তথ্য পাওয়া যাবে। ফলে বিএমডি কর্তৃক পৃথকভাবে ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরি করার প্রয়োজন নেই। কমিটির সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি ০২ টি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৮.২০২১

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
সভাপতি, ইনোভেশন কমিটি
ও
পরিচালক (উপসচিব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২). ৬১০

তারিখ : ১৪ ভাদ্র ১৪২৮ / ২৯ আগস্ট ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে
১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
২। কর্মকর্তা (সকল)..................................................বিএমডি, ঢাকা;
৩। সংশ্লিষ্ট নথি।

২৯.০৮.২০২১

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (উপসচিব)